

যঈফ ও জাল হাদিস

হাদিস নম্বরঃ ৬৯৭

১/ বিবিধ

আরবী

الإيمان بالنية واللسان، والهجرة بالنفس والمال

موضوع

رواه عبد الخالق بن زاهر الشحامي في " الأربعين " (1 / 260) عن نوح بن أبي مريم عن يحيى بن سعد عن محمد بن إبراهيم عن علقمة بن وقاص قال: سمعت عمر بن الخطاب يقول في خطبته سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره. قلت: نوح بن أبي مريم معروف بالوضع، وقد سبق مرارا، والمحفوظ عن يحيى بن سعيد ما رواه عنه جماعة بإسناده الصحيح هذا مرفوعا بلفظ: " إنما الأعمال بالنيات، وإنما لكل امرئ ما نوى، فمن كانت هجرته إلى الله ورسوله فهجرته إلى الله ورسوله ... " الحديث. رواه الشيخان وغيرهما، ولذلك فقد أساء السيوطي بإيراده هذا الحديث الموضوع في الجامع

বাংলা

৬৯৭। ঈমান হচ্ছে নিয়্যাত ও মুখে উচ্চারণের বিষয় আর হিজরত হচ্ছে জীবন এবং সম্পদের সাথে সম্পৃক্ত বিষয়।

হাদীছটি জাল।

এটি আব্দুল খালেক ইবনু যাহের আশ-শাহহামী “আল-আরবাউন” (১/২৬০) গ্রন্থে নূহ ইবনু আবী মারিয়াম হতে তিনি ইয়াহইয়া ইবনু সা’আদ হতে তিনি মুহাম্মাদ ইবনু ইবরাহীম হতে তিনি আলকামাহ ইবনু ওয়াক্কাস হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ নূহ ইবনু আবী মারিয়াম জাল করার ব্যাপারে প্রসিদ্ধ। তার সম্পর্কে পূর্বেও আলোচনা করা হয়েছে।

ইয়াহইয়া ইবনু সাঈদ হতে সহীহ হচ্ছে সেই হাদীছটি যেটিকে তার থেকে সহীহ সনদে একদল বর্ণনাকারী মারফু হিসাবে এ বাক্যেঃ **وإنما لكل امرئ ما نوى** বর্ণনা করেছেন। এটি ইমাম বুখারী ও মুসলিম সহ আরো অনেকে বর্ণনা করেছেন।

এ কারণেই ইমাম সুযূতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে আলোচ্য হাদীছটি উল্লেখ করে ত্রুটি করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71576>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন